সংবাদ

তারিখ ... ১৫.৭.৮৩ ...
পৃষ্ঠা ... ৩ কলাম 4 ...

# জাতিগঠনে শিক্ষিত মেয়েদের ভূমিকা অপরিসীম: শিক্ষামন্ত্রী

শিক্ষা মন্ত্রী ড: এ মজিদ খান গত বুধবার ঢাকায় বলেন, জাতি গঠনের কাজে, বিশেষ করে যুব-কিশোরদের দেশের উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে তোলার ব্যাপারে মেয়েদের ভূমিকা অপরিসীম। শুধু চাকরি গ্রহণের জন্য নয়, সমাজ গঠনে শিক্ষিত মায়ের যথেষ্ট ভূমিকা রয়েছে।

শিক্ষা মন্ত্রী আনোয়ারা বেগম মুসলিম উচ্চ বালিকা বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে উপরোক্ত মন্তব্য করেন।

ড: খান বলেন, বর্তমান সরকার শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানোর ব্যবস্থা নিচ্ছেন। এ ব্যাপারে অভিভাবক ও সমাজের করণীয় অনেক কিছু রয়েছে। প্রস্তাবিত শিক্ষানীতি ব্যাখ্যা করে মন্ত্রী বলেন, শিক্ষার সুযোগ এবং শিক্ষা গ্রহণের অধিকারও হবে সবার জন্য সমান। তাছাড়া শিক্ষা হবে সার্বজনীন ও গণমুখী। এ নীতি ও লক্ষ্যকে সামনে রেখে শিক্ষার সাথে সাথে প্রযুক্তিকে বাস্তব ও সম্ভাবনাময় করে তুলতে হবে।

মেয়েদের বৃত্তিমূলক কাজ শিক্ষার উপর গুরুত্ব আরোপ করে মন্ত্রী আরও বলেন, বিদেশে ছেলে মেয়ে উভয়কে সেলাইয়ের কাজ শিখানো হয়। কিন্তু আমাদের দেশে ছেলে মেয়েদের লেখাপড়া ও অন্যান্য ব্যাপারে ব্যবধান গড়ে উঠেছে। প্রযুক্তিমূলক শিক্ষা বাতিল হয়ে যাচ্ছে। এই প্রবণতাকে অবশ্যই রোধ করতে হবে। জাতীয় উৎপাদন বৃদ্ধির সাথে জাতীয় সাথে সম্ভাবনাও বেড়ে যাবে। অন্যথায় আমাদের ব্যবহারিক জীবনে সংকোচন নেমে আসবে। খবর তথ্য দপ্তরের।

007